




মানি স্কোয়ারের প্রথম জন্মদিন



মানি স্কোয়ার মল হ্যাঁচি হ্যাঁচি পা পা করে তার প্রথম জন্মদিন পার করল ১৫ জুন, সেই উপলক্ষে মানি স্কোয়ারে আবার নতুন করে জন্মে উঠেছিল এক জমজমাট জন্মদিন সেলিব্রেশন উৎসবপর্ব। গতবার পয়লা বৈশাখে ম্যাজিক অফ টোয়েন্টিওয়ানের অভূতপূর্ব সাফল্যের পরে মানি স্কোয়ারের পক্ষ থেকে আবার এক দিন ব্যাপী প্রথম অ্যানিভারসারি পালনপর্ব সগর্বে ঘোষণা করেছিলেন এখানকার মার্কেটিং অধিকর্তা সুবোধ রায়। এক প্রেস কনফারেন্সে সেদিন উপস্থিত ছিলেন মানিগ্রুপের এম. ডি সঞ্জয় বুনবুনওয়ানা, আইম্যাক্সের প্রধান জিম প্যাটারসন, ফিউচার গ্রুপের সন্দীপ মাজোয়া ও ওয়েস্টসাইডের তরফ থেকে শ্রীপর্ণা সাহা।

জন্মদিনকে স্মরণীয় করার জন্য ১৫ জুন সকলের জন্য কেকের ভাগ ছিল। এছাড়া যাঁরা ১০ থেকে ৩০ জুনের মধ্যে মানি স্কোয়ারে বেড়াতে এসেছিলেন তাঁদের জন্য দুরকম 'শপিং ভাউচার' উপহার নেওয়ার সুযোগ ছিল। প্রথমে 'এক কা একশো একশ' মানে একজনের জন্য লাঞ্চ বা ডিনার, নিজের পছন্দমতো আইম্যাক্সে সিনেমার টিকিট, একটি গেমিং পাস ও স্কোয়ারি হাউসের একটি টিকিট— সব কিছু ছিল মাত্র ১২১ টাকায়, দ্বিতীয়টি 'চার কা

পাঁচশো একশ' মানে ৫২১ টাকার ফ্যামিলি ভাউচার, যেখানে চারজনের ফ্যামিলি বা চারবন্ধুর জন্য উপরের প্যাকেজ তো আছেই, তার সঙ্গে ছিল ২০০ টাকার একটি শপিং ভাউচার। গোটা জুনে সোম থেকে শনি শুধুই এন্টারটেনমেন্ট। একবারে কনিভালের মেজাজে ২১ দিন জন্মে উঠেছিল এই মলের চারিপাশ— যেখানে অস্ত্রাকরী অগ্নিমিত্রা পলের ওয়ার্কশপ, ভাংড়া, বিছ, রাজস্থানি ফোকড্যান্স, নাইটবাজার—এমনই সব মজা নিয়ে হাজির ছিল মানি স্কোয়ার।

শান্তী চক্রবর্তী

ছবি: সুফল ভট্টাচার্য